## ক্যামডেন টুগেদার (একতাবদ্ধ ক্যামডেন)-এর সার-সংক্ষেপ - ক্যামডেনের ভবিষ্যতের উপর আপনার মতামত দিন

*ক্যামডেন টুগেদার (একতাবদ্ধ ক্যামডেন)*-এর উপর মতামত বিনিময় করার উদ্দেশ্যে যে দলিলটি তৈরী করা হয়েছে এটি হচ্ছে তারই একটি সার-সংক্ষেপ, যা আপনাকে ক্যামডেনের ভবিষ্যতের ব্যাপারে যেসব সিদ্ধান্ত নেওয়া হবে তাতে প্রভাব খাটানোর সুযোগ দিচ্ছে।

*ক্যামডেন টুগেদারের* চূড়ান্ত দলিলটি হবে ক্যামডেনের জন্য একটি পরিকল্পনা যাতে ২০১২ সালে ক্যামডেনের চেহারা কেমন হবে তার একটি নকশা বর্ণিত থাকবে। ঐ পরিকল্পনাটি গ্রহণ করার আগে আমরা আমাদের কিছু কিছু ধারণার উপর সমাজের যত বেশী সম্ভব লোকজনের মতামত নিতে চাই।

ক্যামডেনে আমরা প্রধান প্রধান যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছি তার কয়েকটির কথা এবং যেসব উপায়ে আমরা ক্যামডেনকে সবার জন্য একটি সুন্দর জায়গায় পরিণত করতে পারি তার কয়েকটি উপায় সম্পর্কেও এই সার-সংক্ষেপে উল্লেখ করা হয়েছে। এখন থেকে ২০১২ সালের মধ্যে আমরা যেসব কাজ করতে পারি তার কয়েকটির কথা এতে উল্লেখ করা হয়েছে এবং এতে সুনির্দিষ্ট কিছু প্রশ্নের উপর আপনাদের মতামত চাওয়া হয়েছে।

কঠিন কঠিন বিষয়সমূহ এবং সেগুলোর সমাধানের যেসব বিকল্প উপায় রয়েছে আমরা চাই *ক্যামডেন টুগেদার* তার উপর একটি খোলামেলা ও সত্যনিষ্ঠ বিতর্ক আরম্ভ করার সুযোগ এনে দেবে। সীমিত সম্পদের কিভাবে সবচেয়ে ভালো ব্যবহার করা যেতে পারে তার উপর আমরা আলোচনা করতে চাই এবং ক্যামডেনে জীবনযাত্রাকে আরো সুন্দর করে তোলার জন্য বিভিন্ন ব্যক্তি ও গোষ্ঠীগুলো কি করতে পারে, তাছাড়া বিভিন্ন সরকারী সেবা-ব্যবস্থা ও প্রতিষ্ঠানগুলোই বা কি করতে পারে, সেটা নিয়েও আমরা চিন্তা-ভাবনা করতে চাই।

দয়া করে এই সার-সংক্ষেপটি পড়বেন এবং এতে যেসব প্রশ্ন উত্থাপন করা হয়েছে সেগুলো নিয়ে চিন্তা-ভাবনা করবেন। এগুলো সম্পর্কে এবং অন্য যে কোন বিষয় যা ক্যামডেনের ভবিষ্যতের উপর প্রভাব ফেলবে সেগুলো সম্পর্কেও আমরা আপনাদের মতামত পেলে খুবই আনন্দিত হবো।

আমরা আরো আশা করছি যে, আপনারা পূর্ণ দলিলটিও পড়বেন। তাতে বর্তমানের ক্যামডেনের উপর আরো বেশী তথ্য দেওয়া আছে এবং তাতে কিছু কিছু বিকল্প (অপশনস্) ও ধ্যান-ধারণাকে আরো বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়েছে। আপনি camdentogether.org.uk ওয়েবসাইট থেকে এই পূর্ণ দলিলটি পড়তে অথবা তার একটি কপি ডাউনলোড করে নিতে পারেন অথবা নিচের ঠিকানা থেকে এটির কপি চেয়ে নিতে পারেন।

উত্তর পাঠানোর শেষ তারিখ হচ্ছে বৃহস্পতিবার, ৩০শে নভেম্বর ২০০৬। উত্তরগুলো পাঠানোর ঠিকানা হলো:

ইমেইল: community.strategy@camden.gov.uk

অথবা:
Community Strategy Team
London Borough of Camden
FREEPOST LON 20084
Room 305, Town Hall, Judd Street
London WC1H 9JE

উত্তরগুলো camdentogether.org.uk ঠিকানার ওয়েবসাইটে গিয়েও জমা দেওয়া যেতে পারে।

*ক্যামডেন টুগেদার*-এর সার-সংক্ষেপের কপি (অনুলিপি) নিজ ভাষায়, বড় ছাপার অক্ষরে, কানে শোনার টেপে অথবা সেটির শিখতে অসুবিধাসম্পন্নদের উপযোগী কপি পেতে হলে, দয়া করে আমাদের সাথে উপরের ঠিকানায় অথবা 020 7974 3257 ফোন নম্বরে, 020 7974 6057 ফ্যাক্স নম্বরে অথবা 020 7974 6866 টেক্সটলিংক্ নম্বরে (টেক্সটফোন/মিনিকম) যোগাযোগ করুন।

## ২০১২ সালের জন্য আমাদের স্বপ্ন

### ২০১২ সালের মধ্যে ক্যামডেন:

**সুযোগ-সুবিধাপূর্ণ একটি বারা গড়ে তুলবে**
আমাদের রয়েছে একটি মজবুত স্থানীয় অর্থনৈতিক অবস্থা যা ভবিষ্যতের পরিবর্তনগুলোকে সহজেই মানিয়ে নিতে পারে, আর তাই এখানে আরো বেশী লোকজন, বিশেষ করে যুবক ছেলেমেয়েরা, বিভিন্ন ধরনের দক্ষতা অর্জন করতে এবং শিক্ষা, প্রশিক্ষণ ও চাকুরিতে ঢুকতে পারে।

**আমাদের পরিবেশের সাথে উন্নয়নের সামঞ্জস্য বিধান করবে**
আমরা আমাদের পরিবেশ এবং জীবনযাত্রার মানকে ঠিক রেখে একটি ক্রমবর্ধমান জনসংখ্যাকে ধারণ করার জন্য একযোগে কাজ করছি। আমরা এখন ক্যামডেনের লোকজনের চাহিদাগুলো পূরণ করছি এবং ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের পুরানো ঐতিহ্যগুলো রক্ষা করে যাচ্ছি।

**একটি শক্তিশালী, সুস্থ-সবল এবং প্রীতিপূর্ণ সমাজ গড়ে তুলবে**
এখানকার লোকজন ক্যামডেনকে আপন মনে করেন, গণতান্ত্রিক প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং তারা বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে তাদের প্রভাব খাটাতে পারেন। সকলের জন্যই জীবনযাত্রার মান উন্নত হচ্ছে, বিশেষ করে শিশু, কিশোর-কিশোরী এবং বয়স্ক ব্যক্তিদের।

**একটি বিশ্বমানের শহরের ঠিক কেন্দ্রস্থানে ক্যামডেন হবে একটি নিরাপদ ও কর্মচঞ্চল স্থান**
আমরা লন্ডনের একটি কর্মমুখর ও নিরাপদ স্থান জুড়ে আছি - এবং এটা হচ্ছে ইউরোপের অন্যান্য স্থানে যাওয়ার প্রবেশ দ্বার - আমাদের কাছেই রয়েছে অলিম্পিকসহ চমৎকার সাংস্কৃতিক ও অবকাশমূলক সুযোগ-সুবিধা যার উপকারিতা এখানকার স্থানীয় লোকজনও উপভোগ করে থাকেন।

আমাদের এ স্বপ্ন (ভিশান) হচ্ছে এখানে যারা বসবাস, কাজ অথবা লেখাপড়া করছেন তাদের সকল বয়সের **সকল লোকজনকে ঘিরে**। যেহেতু *ক্যামডেন টুগেদার* হচ্ছে ভবিষ্যতের একটি পরিকল্পনা, তাই আমরা শিশু, কিশোর-কিশোরী, তাদের মা-বাবা, কেয়ারার, শিক্ষক-শিক্ষিকা এবং তাদের বৃহত্তর পরিবারের চাহিদা ও উদ্বেগগুলো সম্পর্কে জানতে বিশেষভাবে আগ্রহী।

### নিজেকে জিজ্ঞাসা করুন

যেসব লোক ক্যামডেনে বসবাস ও কাজ করছেন এবং এখানেই বড় হয়েছেন তারা যেসব বিষয়কে গুরুত্বপূর্ণ বলে মনে করেন সেই বিষয়গুলো কি এই ভবিষ্যত-পরিকল্পনায় স্থান পেয়েছে?

এটা থেকে কোন বিষয় কি বাদ পড়েছে অথবা এতে কি এমন কোন বিষয় আছে যাতে আপনার আপত্তি আছে?

## আমাদের আরম্ভের স্থান - আজকের ক্যামডেন

ভবিষ্যতের দিক-নির্দেশনার ব্যাপারে একমত হওয়ার আগে আমাদের আরম্ভের স্থান সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা দরকার। ক্যামডেনের বর্তমান অবস্থার একটি সংক্ষিপ্ত বিবরণ নিচে দেওয়া হলো:

- ক্যামডেনের বাসিন্দাগণ বলেন যে, এখানকার লোকজনের কমিউনিটির সাথে একটি দৃঢ় সম্পর্ক রয়েছে যা দিন দিন আরো বৃদ্ধি পাচ্ছে এবং দশ জনের মধ্যে নয়জন লোকই বারায় যে বিভিন্ন জাতির লোকজন বসবাস করছেন সেটাকে (জাতিগত ভিন্নতাকে) মূল্যবান বলে মনে করেন।
- ক্যামডেনের লোকসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, এখানকার লোকজন অপেক্ষাকৃত বেশী কর্মচঞ্চল এবং এখানে রয়েছে অনেক জাতির লোকজন। প্রতি বছর যেমন এই বারায় নতুন লোক আসছেন তেমনি অনেক লোক আবার বারা ছেড়ে চলেও যাচ্ছেন।
- লন্ডনের ধনী এলাকাগুলোর কয়েকটি রয়েছে ক্যামডেনে, আবার এখানে এমন কয়েকটি এলাকা রয়েছে যেগুলো লন্ডনের মধ্যে সবচেয়ে বেশী বঞ্চিত। মোটের উপর, ইংল্যান্ডের মধ্যে ক্যামডেন হচ্ছে ১৫তম বঞ্চিত বারা।
- কম খরচের বাসস্থানের সরবরাহের তুলনায় চাহিদার পরিমাণ পাঁচগুণ বেশী।
- রেকর্ডকৃত অপরাধের সংখ্যা কমছে এবং পুলিশের প্রতি এখানকার এবং সারা দেশের লোকজনের আত্ম-বিশ্বাস বৃদ্ধি পাচ্ছে, তবে ক্যামডেনে যেসব অপরাধ সংঘটিত হয় তার প্রভাব শহরের কেন্দ্রের অনেক এলাকায় পড়ে এবং অপরাধ ঘটতে পারে এই ভয়টি এখানের জন্য এখনো একটি সমস্যা হিসেবেই রয়ে গেছে।
- ব্যবসা, বিশ্ববিদ্যালয় এবং বিশেষজ্ঞ পর্যায়ের হাসপাতালের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং এগুলোর বর্ধিতকরণের জন্য পর্যাপ্ত জায়গার অভাব রয়েছে।
- জনসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে বলে এখানকার স্থানীয় সেবা-ব্যবস্থা, যেমন যানবাহন, স্কুল, যুবকদের সুযোগ-সুবিধা এবং স্বাস্থ্য সেবা-ব্যবস্থাগুলোর উপর চাপ বাড়ছে।
- জলবায়ুর (ক্লাইমেটের) পরিবর্তন সামলানো এবং পরিবেশের যত্ন নেওয়া সারা বিশ্বের জন্যই একটি চ্যালেঞ্জ, আর ক্যামডেনও এই চ্যালেঞ্জের সম্মুখীন। স্থানীয় বাসিন্দাগণ ইতিমধ্যেই জাতীয় গড়ের তুলনায় আরো বেশী রিসাইকেল (অকেজো জিনিস পুনরায় ব্যবহার করা) করছেন।
- মে ২০০৬ এর নির্বাচনে ক্যামডেনের লোকজন সবচেয়ে বেশী অংশ নিয়েছে। ১৯৯৪ সালের পর থেকে এটাই ছিলো সবচেয়ে বেশী এবং স্থানীয় নির্বাচনে দেশজুড়ে লোকজনের অংশ গ্রহণ দিন দিন যে কমতির দিকে যাচ্ছে এটা সেই প্রবণতাকে ভেঙ্গে দিয়েছে।
- অন্যান্য জায়গার মতো, বিভিন্ন বিষয়ে ক্যামডেনের লোকজনের প্রতাশ্যও দিন দিন বৃদ্ধি পাচ্ছে, যেমন জীবনযাত্রার মান, প্রয়োজন মাফিক ও দ্রুত সেবা পাওয়া, অনেক বেশী পছন্দ থাকা এবং স্থানীয় পর্যায়ে প্রভাব খাটানো।
- ক্যামডেনে নিরাপত্তার ঝুঁকি রয়েছে এবং ভবিষ্যতে সন্ত্রাসী আক্রমণের সম্ভাবনাও আছে।

## সুযোগ-সুবিধাপূর্ণ বারা গড়ে তোলা

### ২০১২ সালে আমরা কোথায় যেতে চাই

আমাদের রয়েছে একটি মজবুত স্থানীয় অর্থনৈতিক অবস্থা যা ভবিষ্যতের পরিবর্তনগুলোকে সহজেই মানিয়ে নিতে পারে, আর তাই এখানে আরো বেশী লোকজন, বিশেষ করে যুবক ছেলেমেয়েরা, বিভিন্ন ধরনের দক্ষতা অর্জন করতে এবং শিক্ষা, প্রশিক্ষণ ও চাকুরিতে ঢুকতে পারে।

### আমাদের সামনে প্রধান প্রধান যেসব চ্যালেঞ্জ রয়েছে

ক্যামডেনের রয়েছে একটি বিরাট ও সফল অর্থনৈতিক অবস্থা। স্থানীয় ব্যবসাগুলো প্রায় অর্ধেকের বেশী রয়েছে পেশাদার কাজের সাথে জড়িত যেমন মিডিয়া (প্রচার মাধ্যম) ফাইন্যান্স (অর্থনৈতিক কর্মকান্ড) এবং ল' (আইন)। যাহোক, সাম্প্রতিক বছরগুলোতে স্থানীয় ব্যবসার সংখ্যা কমতির দিকে যাচ্ছে এবং স্থানীয় অনেক লোক বেকার থাকছেন।

ক্যামডেনের অর্থনৈতিক অবস্থা যাতে আরো বেশী শক্তিশালী হতে পারে সেজন্য এর সফল অর্থনৈতিক অবস্থাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হবে একটি প্রধান চ্যালেঞ্জ। এর মানে হলো, আমাদেরকে নিশ্চিত করতে হবে যে, এখানে যেন আরো বেশী ব্যবসা-বাণিজ্য গড়ে উঠে। আমাদেরকে আরো নিশ্চিত করতে হবে যে, আরো বেশী স্থানীয় লোকজন যেন চাকুরি পায় এবং চাকরিতে থাকতে পারে।

### ২০১২ সাল নাদাগ আমরা কি করতে পারি

- টেকসই ব্যবসা গড়ে তোলা এবং শিল্প-প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে উৎসাহিত করার লক্ষ্যে ব্যবসা শুরু করা ও উদ্যোগ গ্রহণ করার উপর পরামর্শ প্রদান করবো।
- সরকারী খাত হচ্ছে ক্যামডেনের দ্বিতীয় বৃহত্তম নিয়োগকারী। তাদেরকে বিভিন্ন সৃষ্টিশীল উদ্যোগ গ্রহণের মাধ্যমে আরো বেশী করে বিভিন্ন জাতির স্থানীয় লোকজন নিয়োগ করতে উৎসাহিত করবো।
- আরো বেশী করে মৌলিক দক্ষতা শেখার প্রশিক্ষণের ব্যবস্থা করবো, বিশেষ করে ইংরেজী শেখা। তাছাড়া, 'চাকুরির দক্ষতা শেখার' উপর আরো বেশী প্রশিক্ষণের ব্যবস্থা করবো যা লোকজনকে চাকরি পেতে আরো বেশী প্রস্তুত করে তুলবে।
- ইনফরমেশন টেকনোলজি (আইটি) সহ আমাদের সেকেন্ডারী স্কুলগুলোতে ২১ শতকের উপযোগী সুযোগ-সুবিধা প্রদান করবো। তাছাড়া আমরা আমাদের 'বিল্ডিং স্কুলস্ ফর দি ফিউচার' বা ভবিষ্যতের জন্য স্কুল-ভবন নির্মাণ কর্মসূচির মাধ্যমে ২১ শতকের উপযোগী মানের স্কুল-ভবন নির্মাণ করবো।
- স্থানীয় ব্যবসায়ী গোষ্ঠীর দক্ষতাগুলোকে আরো বেশী শক্তিশালী করে সেটা স্কুল ও কিশোর-কিশোরীদেরকে সহায়তা করার জন্য ব্যবহার করবো, বিশেষ করে সেইসব কিশোর-কিশোরীদের জন্য যাদের কোন প্রাতিষ্ঠানিক শিক্ষাগত যোগ্যতা নেই।
- আমাদের হাউজিং এস্টেটগুলোতে আরো বেশী সহায়তা দেবো। সেখানেই 'চাকরিহীনভাবে' মানুষ থাকছে। এজন্য আমরা কম খরচে শিশুদের দেখাশুনার ব্যবস্থা করবো, চাকুরি পাওয়ার মতো বিভিন্ন দক্ষতা শেখাবো, প্রশিক্ষণ ও পরমর্শ দেবো, এবং স্থানীয় চাকরি, প্রশিক্ষণ ও শিক্ষায় যাওয়ার পথ দেখিয়ে দেবো।
- ২০১২ সালে অনুষ্টিত অলিম্পিককে ঘিরে সর্বাধিক সংখ্যক লোকজনের চাকুরি ও প্রশিক্ষণের সুযোগ-সুবিধা সৃষ্টি করবো।

**নিজেকে প্রশ্ন করুন**

মতামত বিনিময়ের পূর্ণ দলিলটিতে আরো অনেক বিষয়, বিকল্প (অপশন) ও ধ্যান-ধারণার কথা উল্লেখ আছে।

উপরে যেভাবে সুযোগ-সুবিধাপূর্ণ একটি বারা গড়ে তোলার কথা বলা হয়েছে সে ব্যাপারে আপনার মতামত কি?

নিচে আরো কিছু সুনির্দিষ্ট প্রশ্ন তুলে ধরা হলো, আপনি এগুলোর উত্তর দিতে পারেন:

- এই এলাকায় নতুন ব্যবসা শুরু করতে ও গড়ে তোলার ব্যাপারে ব্যবসীদেরকে কিভাবে উৎসাহিত করা যেতে পারে?
- স্থানীয় অর্থনীতিতে আরো বেশী বিনিয়োগ আনতে হলে কি করা যেতে পারে?
- অর্থনৈতিক উন্নতি ঘটাতে সহায়তা করার জন্য সরকারী খাত কোন্ কোন্ কাজ ভিন্নভাবে করতে পারে, যেমন, লাল-ফিতা (রেড টেপ) দূর করা অথবা ব্যবসার সাফল্যে বাধা দেয় এমন অন্য কোন বাধা দূর করা?
- ক্যামডেনে যদি আপনি একজন নিয়োগকারী হন, তাহলে আরো বেশী স্থানীয় লোকজনকে নিয়োগ ও প্রশিক্ষণ দেওয়ার জন্য আপনার কি ধরনের সহায়তা দরকার?
- লোকজনকে চাকরি পেতে সহায়তা করার জন্য ভলান্টারী ও কমিউনিটি খাত কি করতে পারে?
- আরো বেশী লোক যাতে বিভিন্ন দক্ষতা ও ইংরেজী ভাষা শেখার প্রশিক্ষণে অংশ নেন সে জন্য কিভাবে তাদেরকে সহায়তা করা যেতে পারে?

**আলিসনের গল্প**

"সত্য বলতে কি, আমি মনে করি না যে, ক্যামডেন লোকজনের জন্য নতুন ব্যবসা শুরু করা সহজ করেছে। আমি প্রচুর প্রচারপত্র পাই যাতে বিভিন্ন কোর্সের কথা বল হয়। অনেক পরামর্শ দেওয়া হচ্ছে। ব্যবসা পরিচালনা করা অথবা শুরু করার উপর অনেক সেমিনার অনুষ্ঠিত হয় যেখানে আপনি যেতে পারেন, তবে আপনার দরকার বাস্তব সাহায্য। তবে আমি বলতে পারি যে, একটা জিনিস ভালো হয়েছে - আর সেটা হলো ছোট ব্যবসার জন্য আমাকে রেইটস্ থেকে কিছু ছাড় দেওয়া হয়েছে। তাতে আমার ভালো হয়েছে কারণ আপনার ব্যবসাটি ছোট হলে আপনার দরকার কোন কিছু থেকে কিছুটা আর্থিক চাড় পাওয়া, যেমন ভাড়ার উপর, অথবা কিছু ডিস্কাউন্ট পাওয়া, যাতে আপনি ব্যবসা শুরু করতে পারেন। আমি ক্যামডেনের স্থানীয় লোকজন নিয়োগ করেছি। স্থানীয় লোকজন নিয়োগ করলে কাজ করা সহজ হয় বলে আমি মনে করি, কারণ তাদেরকে অনেক দূর থেকে আসতে হয় না, তাছাড়া স্থানীয় লোকজন নিয়োগ করাটা বাস্তবসম্মত কারণ এখানে আমরা অনেক ঘন্টা ধরে কাজ করি। আমি মনে করি, ওয়ার্ক প্লেসমেন্ট হিসেবে স্থানীয় লোকজন নেওয়ার জন্য আপনারা ব্যবসাগুলোকে উৎসাহিত করতে পারেন, তবে সেটা হতে হবে একটি সুপরিকল্পিত উদ্যোগ - সম্ভবত: ব্যবসাগুলোকে দক্ষতা প্রদানকারী হিসেবে উল্লেখ করা যেতে পারে। এটা স্পষ্ট যে, ছোট ব্যবসা হলেও ঐ ব্যক্তিকে দক্ষতা শেখানোর জন্য আপনাকে সময় ব্যয় করতে হচ্ছে, তবে একই সাথে আপনিও বিনা পয়সায় সাহায্য পাচ্ছেন।"

## আমাদের পরিবেশের সাথে উন্নয়নের সামঞ্জস্য বিধান করা

### ২০১২ সালে আমরা কোথায় যেতে চাই

আমরা আমাদের পরিবেশ এবং জীবনযাত্রার মানকে ঠিক রেখে একটি ক্রমবর্ধমান জনসংখ্যাকে ধারণ করার জন্য একযোগে কাজ করছি। আমরা এখন ক্যামডেনের লোকজনের চাহিদাগুলো পূরণ করছি এবং ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের পুরানো ঐতিহ্যগুলো রক্ষা করে যাচ্ছি।

#### আমাদের সামনে প্রধান প্রধান যেসব চ্যালেঞ্জ রয়েছে

ক্যামডেনের জনসংখ্যা আগামী বছরগুলোতে বৃদ্ধি পাবে এবং আমরা আশা করছি যে, এখানকার অর্থনৈতিক অবস্থা আরো বেশী শক্তিশালী হবে। এসব পরিবর্তনের ফলে আমাদের পরিবেশ, সরকারী সেবা-ব্যবস্থাসমূহ এবং যেভাবে আমরা জায়গাগুলো ব্যবহার করছি তার উপর আরো বেশী চাপ পড়বে।

যানবাহনের পরিমাণ, বিদ্যুত ও গ্যাসের ব্যবহার এবং কম খরচের বাসস্থানের চাহিদা আরো বৃদ্ধি পাবে বলে আমরা আশা করতে পারি। আমরা এটাও জানি যে, মানুষের অগ্রাধিকারগুলো বিভিন্ন ধরনের - যেমন, কিছু কিছু লোক আনন্দপূর্ণ রাতের জীবন উপভোগ করেন, আবার অন্যরা পছন্দ করেন শান্তিপূর্ণ খোলামেলা জায়গা।

আমাদের চ্যালেঞ্জ হচ্ছে দুটো প্রতিদ্বন্দী চাপের মধ্যে সামঞ্জস্য বিধান করা - আর তা হচ্ছে আমাদের বর্তমান জীবনযাত্রার মান উন্নত করা এবং একই সাথে আমাদের ভবিষ্যত প্রজন্মের চাহিদাগুলো সম্পর্কে চিন্তা-ভাবনা করা। একটি ক্রমবর্ধমান জনসংখ্যা ও ক্রমোন্নয়নশীল অর্থনৈতিক অবস্থাকে সহায়তা করার একটি পথ আমাদের খুঁজে বের করতে হবে, একই সাথে আমাদের পরিবেশের প্রতিরক্ষা বিধান করতে হবে এবং এমন কমিউনিটি গড়ে তুলতে হবে যেখানে লোকজন বর্তমানে ও ভবিষ্যতে বসবাস ও কাজ করতে পারবে।

### ২০১২ সাল নাদাগ আমরা কি করতে পারি

ক্যামডেনকে একটি ‘অল্প কার্বনের বারায়’ পরিণত করা:

- নতুন ও মেরামতকৃত ভবনগুলো যাতে খুব অল্প গ্যাস ও বিদ্যুৎ ব্যবহার করে তা নিশ্চিত করা।
- লোকজনকে বেশী বেশী হাঁটতে ও সরকারী যানবাহন ব্যবহার করতে উৎসাহিত করা।
- গ্যাস ও বিদ্যুতের ব্যবহার কমানোর জন্য অকেজো জিনিস আরো বেশী করে ও উন্নত উপায়ে রিসাইকেল করা।
- কম জ্বালানী ব্যবহার করে এমন যানবাহন ব্যবহার করা এবং গ্যাসের অপচয় রোধ করার জন্য যথাযথভাবে লফট্ ইন্সুলেশন করা।

পরিবেশের উন্নতির জন্য ভবন নির্মাণ বা মেরামতের মান বৃদ্ধি করা:

- ভবনগুলো কত ঘন ঘন হবে সে ক্ষেত্রে এমন মান বজায় রাখতে হবে যাতে আশেপাশের সাথে সামঞ্জস্য থাকে, এবং এটা নিশ্চিত করার জন্য নকশার মানের ব্যাপারে কঠোর নিয়ম-কানুন বাস্তবায়ন করতে হবে।
- একটি সামাজিক ল্যান্ডলর্ড হিসেবে পরিকল্পনার ক্ষেত্রে কাউন্সিলের যে ক্ষমতা রয়েছে সেটা পরিবেশের উচ্চ মান বজায় রাখতে ব্যবহার করতে হবে, যেমন সোলার প্যানেল ব্যবহার করা।
- নতুন নতুন উন্নয়নের ক্ষেত্রে এটা নিশ্চিত করতে হবে যে, সেগুলোর নকশা ও পরিকল্পনা যেন এমন হয় যা অপরাধ ও সমাজ-বিরোধী আচরণ কমাবে এবং তাতে সুন্দর মানের জন সেবা-ব্যবস্থা ও অবকাঠামো থাকবে।

স্থানীয় সম্পদের উত্তম ব্যবহার করা:

- স্থানীয় হাঁটার পথগুলো সহ সকল খোলা জায়গাগুলোতে যাওয়ার ভালো ব্যবস্থার বন্দোবস্ত করা।
- যে সব জায়গা ও সুযোগ-সুবিধাগুলো বর্তমানে ভালো ব্যবহৃত হচ্ছে না সেগুলো যাতে ভবিষ্যতে আরো বেশী লোকজনের কাজে আসে তার উপায় খুঁজে বের করা।
- খালি পড়ে থাকা বাসস্থান, অফিস ও বাণিজ্যিক ভবনগুলো আরো বেশী সংখ্যায় ব্যবহারে আনা।

**নিজেকে প্রশ্ন করুন**

মতামত বিনিময়ের পূর্ণ দলিলটিতে আরো অনেক বিষয়, বিকল্প ও ধ্যান-ধারণার কথা উল্লেখ আছে।

উপরে যেভাবে উন্নতি ও জীবনযাত্রার মানের সাথে পরিবেশের সামঞ্জস্য বিধান করার কথা বলা হয়েছে সে ব্যাপারে আপনার মতামত কি?

নিচে আরো কিছু সুনির্দিষ্ট প্রশ্ন তুলে ধরা হলো, আপনি এগুলোর উত্তর দিতে পারেন:

- ক্যামডেনের ভবিষ্যত উন্নয়নের সাথে বিভিন্ন যেসব গুরুত্বপূর্ণ বিষয় জড়িত আছে সেগুলোর মধ্যে সামঞ্জস্য বিধান করার সবচেয়ে ভালো উপায় কি হতে পারে বলে আপনি মনে করেন?
- আমাদের পার্কিং জোনগুলোকে বাসিন্দাদের মধ্যে আরো বেশী জনপ্রিয় করে তোলা এবং সেগুলোকে আরো দক্ষভাবে ব্যবহার করার জন্য আমরা কি করতে পারি?
- এমন উপায় আছে কি যার মাধ্যমে আমরা জনসাধারণকে বিভিন্ন কাজে উৎসাহিত করতে পারবো, যেমন রিসাইকেল (অকেজো জিনিস পুনরায় ব্যবহার) করা অথবা আবহাওয়ার পরিবর্তন মোকাবেলা করা? অথবা আমরা কি তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার কথা বিবেচনা করতে পারি, যেমন যারা এখানে-সেখানে আবর্জনা ফেলে অথবা রিসাইকেল করে না?

**স্যান্ড্রা'র গল্প**

''আমি সুইস কটেজের আশে-পাশে বড় হয়েছি এবং এখানেই আমি বিগত ২০ বছর ধরে বসবাস করে আসছি। আমি আর কোথাও বসবাস করতে চাই না। আর সে কারণেই আমি এই এলাকার যত্ন নিতে চাই। এখানকার আবাসিক রাস্তাগুলো খুবই আকর্ষণীয়, তবে সেগুলো সে রকম রাখা একটি কঠিন কাজ। লোকজন তাদের গাছ-পালা ও ঝোপ-ঝাড়ের কোন যত্ন নেয় না এবং এর ফলে ভবন ডেবে যাওয়ার সমস্যা দিন দিন বাড়ছে। অন্যরা তাদের সামনের বাগানগুলো পরিবর্তন করে কার পার্ক বানাচ্ছেন, যার ফলে পানি আটকে গিয়ে বন্যার সৃষ্টি করছে। আমাদের বেইজমেন্টের ফ্লাটে বন্যার পানি ঢুকলে আমরা প্রায় ১৮ মাস পর্যন্ত সেখানে ঢুকতে পারি নাই। একটা অনিয়ম আরো বেশী অনিয়ম ঘটাতে উৎসাহিত করে। আমাদের পরিবেশ ঠিক রাখতে হলে সবাইকেই তাদের নিজ নিজ দায়িত্বটুকু পালন করতে হবে। সপ্তাহে দু'বার আমাদের আবর্জনা সংগ্রহ করা হয়, এবং খবরের কাগজ, গ্লাস ও ক্যানের জন্য আমাদের রিসাইক্লিং বাক্স দেওয়া হয় - এগুলো খুবই চমৎকার কাজ। তবে, কাউন্সিল, সরকার বা অন্যরা যতই করুক না কেন, আমরা জোর করে লোকজনকে পরিবর্তন করতে পারি না। তাদের নিজেদেরই চাইতে হবে এসব পরিবর্তন আনার জন্য - আর সেটাই হলো আসল চ্যালেঞ্জ।''

## একটি শক্তিশালী, সুস্থ-সবল এবং প্রীতিপূর্ণ সমাজ গড়ে তোলা

### ২০১২ সালে আমরা কোথায় যেতে চাই

এখানকার লোকজন ক্যামডেনকে আপন মনে করেন, গণতান্ত্রিক প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং তারা বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে তাদের প্রভাব খাটাতে পারেন। সকলের জন্যই জীবনযাত্রার মান উন্নত হচ্ছে, বিশেষ করে শিশু, কিশোর-কিশোরী এবং বয়স্ক ব্যক্তিদের।

### আমাদের সামনে প্রধান প্রধান যেসব চ্যালেঞ্জ রয়েছে

ক্যামডেনের লোকজনের একজন থেকে আরেক জনের মধ্যে বিভিন্ন ভাবে পার্থক্য রয়েছে - যেমন বর্ণ, জাতিগত উৎপত্তি, ভাষা, ধর্মীয় বিশ্বাস, বয়স, লিঙ্গ, শারীরিক অক্ষমতা, সামাজিক শ্রেণী এবং যৌন পরিচয়। আমাদের সবার মধ্যে সাধারণ যে জিনিসটি রয়েছে সেটি হলো আমরা সবাই এমন একটি স্থানে বসবাস ও কাজ করতে চাই যা আমাদের সবার কাছে আপন মনে হয়।

লোকজন যাতে তাদের জীবন যাত্রার মান উন্নত করার, বিভিন্ন জাতির লোকজনের সাথে মেলামেলা করার এবং আমাদের কমিউনিটির কর্মকান্ডে ও গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করার সুযোগ পায় সেটা আমাদেরকে নিশ্চিত করতে হবে। তাছাড়া, আমাদেরকে লোকজনের স্বাস্থ্যের উন্নতি ঘটাতে এবং সমগ্র বারা জুড়ে স্বাস্থ্য খাতে বৈষম্য কমাতে হবে।

ক্যামডেনে একটি কর্মচঞ্চল জনগোষ্ঠী থাকবে। লোকজন এখন দীর্ঘদিন বেঁচে থাকছেন এবং আমাদের বয়স্ক লোকজনও চান যতটা সম্ভব স্বাধীন ও সক্রিয়ভাবে জীবনযাপন করতে। আমাদের যুবক ও বয়স্ক লোকজন সহ সকল লোকের পরিবর্তনশীল চাহিদাগুলো মেটানোই হলো আমাদের চ্যালেঞ্জ।

### ২০১২ সাল নাদাগ আমরা কি করতে পারি

আরো বেশী শক্তিশালী ও সক্রিয় কমিউনিটি গড়ে তোলা:

- সর্বসাধারণের জায়গাগুলো যেন সুপরিকল্পিত হয় এবং সেগুলোকে যেন লোকজন আপন মনে করতে পারেন সেটা নিশ্চিত করা।
- নেইবারহুডের সমস্যাগুলো একতাবদ্ধভাবে সমাধান করার জন্য লোকজনকে জড়িত করা।
- আমাদের বহু-জাতিক সমাজকে ঊর্ধ্বে তুলে ধরা এবং স্থানীয় বিভিন্ন উৎসব ও অনুষ্ঠান পালন করার মাধ্যমে সবার মধ্যে এই চেতনা সৃষ্টি করা যে 'আমরা সবাই এখানেরই বাসিন্দা'।
- সমগ্র ক্যামডেন জুড়ে এলাকা ভিত্তিক ফোরাম গড়ে তোলা, যেখানে এসে বাসিন্দাগণ স্থানীয় সেবাগুলো নিয়ে এবং তাদের উপর প্রভাব ফেলে এমন সব সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তাদের মতামত রাখতে পারবেন।

সবার স্বাস্থ্য ভালো রাখার জন্য ব্যবস্থা নেওয়া:

- যেসব এলাকায় ও গ্রুপের লোকজনের স্বাস্থ্য ভালো নয় সেইসব এলাকা এবং গ্রুপের লোকজনদের জন্য সম্পদ ও সুযোগ-সুবিধা ব্যবহার করা।
- স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দেওয়ার জন্য বিভিন্ন ধরনের লোকজনকে ব্যবহার করা, যেমন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উপযুক্ত কর্মচারী রাখা।

ছোট ছেলেমেয়ে ও বয়স্ক লোকজনের জীবন যাত্রার মান উন্নত করা:

- আফটার স্কুল (স্কুল পরবর্তী) এবং ব্রেকফাস্ট ক্লাব গঠন করা এবং চিলড্রেন্স সেন্টার গড়ে তোলা।
- পর্যাপ্ত সংখ্যায় ও উপযুক্ত মানের সেকেন্ডারী স্কুল ও সেকেন্ডারী স্কুল-আসন আছে কি না তা ভালোভাবে পরীক্ষা করে দেখা।

- শিশু, কিশোর-কিশোরী, তাদের মা-বাবা ও কেয়ারগণ যেসব সেবা ব্যবহার করেন সেগুলো ঠিক করতে তাদের মতামত যাতে নেওয়া হয় তা নিশ্চিত করা।
- বয়স্ক লোকজন যাতে যতদিন সম্ভব তাদের বাড়ীতে বসবাস করতে পারেন এবং নিজ কমিউনিটিতে তারাও যাতে বিভিন্ন কর্মকান্ড ও সুযোগ-সুবিধায় অংশ নিতে পারেন তা নিশ্চিত করা।

**নিজেকে প্রশ্ন করুন**

মতামত বিনিময়ের পূর্ণ দলিলটিতে আরো অনেক বিষয়, বিকল্প ও ধ্যান-ধারণার কথা উল্লেখ আছে।

উপরে যেভাবে একটি শক্তিশালী, সুস্থ-সবল এবং প্রীতিপূর্ণ সমাজ গড়ে তোলার কথা বলা হয়েছে সে ব্যাপারে আপনার মতামত কি?

নিচে আরো কিছু সুনির্দিষ্ট প্রশ্ন তুলে ধরা হলো, আপনি এগুলোর উত্তর দিতে পারেন:

- আপনি অথবা আপনার পরিচিত লোকজন যাতে ক্যামডেনকে আপন বলে ভাবতে পারেন সেজন্য কি করলে সাহায্য হবে?
- কি করলে আপনি অথবা আপনার পরিচিত লোকজন আপনাদের স্থানীয় কমিউনিটিতে আরো সক্রিয়া ভূমিকা পালন করতে আগ্রহী হবেন?
- কি করলে আপনি আরো বেশী সক্রিয় হতে, স্বাস্থ্যসম্মতভাবে জীবনযাপন করতে এবং নিজের ভালো যত্ন নিতে উৎসাহিত হবেন।
- কিভাবে আমরা মা-বাবাদেরকে আরো ভালো সহায়তা দিতে পারি, বিশেষ করে জীবনের গুরুত্বপূর্ণ ও প্রয়োজনের সময়গুলোতে, যেমন পারিবারিক সংকটকালে এবং কিশোর বয়সে?
- কিভাবে আমরা সেইসব বিছিন্ন হয়ে পড়া বয়স্ক লোকজনের জীবনযাত্রার মান উন্নত করতে পারি যারা তাদের স্থানীয় সমাজে স্বাধীনভাবে বসবাস করছেন?

**মালিকের গল্প**

‘‘একতাবদ্ধ হলে এবং মতামত বিনিময় করলে আমরা অনেক কিছুই করতে পারি। আমাদের আরো বেশী সংখ্যক ক্লাব থাকা উচিত যেখানে গিয়ে আমরা বিভিন্ন সংস্কৃতি ও জাতির লোকজনের সাথে দেখা-সাক্ষাৎ ও মেলামেশা করতে পারবো - এটা আমাদের একে অন্যকে বুঝতে ও অনেক সমস্যা দূর করতে সাহায্য করবে। আমি প্রতিটি লোকের মুখে হাসি দেখতে চাই। আমি এবং আমার স্ত্রী আগে যেখানে বসবাস করতাম সেখানে ‘মিটিং পয়েন্ট’ নামে ৫০-এর বেশী বয়সীদের একটি জায়গা ছিলো, আমরা প্রায়ই সেখানে যেতাম। সেখানে আমরা অন্যদের সাথে বন্ধুত্ব গড়ে তুলতাম, গল্প করতাম এবং মতামত বিনিময় করতাম। আমাদের আশে-পাশে এমন কিছু একটা থাকা উচিত। এখন আমরা খুব স্থানীয় লাইব্রেরীতে যাই। সেখানে গিয়ে আমরা বসি ও বই পড়ি এবং কফি শপটি ব্যবহার করি। ঐ লাইব্রেরীতে আমি একটি আইটি কোর্স করছি। এই কোর্স শুরু করার আগে কম্পিউটার সম্পর্কে আমার কোন ধারণাই ছিলো না। আমি যা শিখেছি তা হলো: ইমেইল পাঠানো ও গ্রহণ করা, ইন্টারনেট ব্যবহার করা, ম্যাসেঞ্জার ব্যবহার করে বিদেশের আত্মীয়-স্বজনের সাথে কথা বলা, মাইক্রোফোন ও ক্যামেরা ব্যবহার করা। গত রাতে আমি কায়রোতে বসবাসকারী আমার নাতি-নাতনীদের সাথে কথা বলেছি।’’

## একটি বিশ্বমানের শহরের ঠিক কেন্দ্রস্থানে ক্যামডেন হবে একটি নিরাপদ ও কর্মচঞ্চল স্থান

### ২০১২ সালে আমরা কোথায় যেতে চাই

আমরা লন্ডনের একটি কর্মচঞ্চল ও নিরাপদ স্থান জুড়ে আছি - এবং এটা হচ্ছে ইউরোপের অন্যান্য স্থানে যাওয়ার প্রবেশ দ্বার - আমাদের কাছেই রয়েছে, অলিম্পিকসহ চমৎকার সাংস্কৃতিক ও অবকাশমূলক সুযোগ-সুবিধা যার উপকারিতা এখানকার স্থানীয় লোকজনও উপভোগ করে থাকেন।

### আমাদের সামনে প্রধান প্রধান যেসব চ্যালেঞ্জ রয়েছে

ক্যামডেনে বিভিন্ন জিনিস আছে। ক্যামডেন তার বিভিন্ন ল্যান্ডমার্কের (ঐতিহাসিক নিদর্শন) জন্য বিখ্যাত, যেমন হ্যাম্পস্টেড হীথ, ব্রিটিশ লাইব্রেরী এবং ক্যামডেন মার্কেট, তবে এখানে অনেক আবাসিক এলাকা এবং ছোট আকারের হাই স্টিটও আছে। এই বারায় প্রচুর সংখ্যক সবুজ খোলা জায়গা আছে, তাছাড়াও, এখানে রয়েছে একটি কর্মমুখর সাংস্কৃতিক জীবন, রাতের জীবন ও শিল্প-কলার অনেকগুলো সুযোগ-সুবিধা।

এখানকার মানুষের মনে অপরাধ ঘটার ভয় খুব বেশী হলেও, বাস্তবে দেখা যাচ্ছে যে, এখানে বেশীর ভাগ অপরাধই দিন দিন কমছে। কিশোর-কিশোরী সহ, অনেক লোকই সমাজ-বিরোধী আচরণ নিয়ে উদ্বিগ্ন। ক্যামডেনকে আরো নিরাপদ স্থানে পরিণত করা হচ্ছে আমাদের একটি প্রধান চ্যালেঞ্জ।

২০১২ সালের মধ্যে, সেন্ট প্যানক্রাস ইন্টারন্যাশনাল স্টেশন থেকে ইউরোস্টারে ইউরোপের মূল ভূ-খন্ড হবে মাত্র দু'ঘন্টার দূরত্বে। আমাদের আরেকটি চ্যালেঞ্জ হবে, ২০১২ সালের অলিম্পিক ও প্যারালিম্পিক থেকে সর্বাধিক লোকের চাকরির ব্যবস্থা করা এবং নানা ধরনের স্থায়ী সুবিধা লাভ করা।

### ২০১২ সাল নাদাগ আমরা কি করতে পারি

ক্যামডেনকে আরো নিরাপদ স্থানে পরিণত করার কাজে প্রত্যেককে জড়িত করা:

- লোকজনকে তাদের নিজ আচরণ এবং তাদের ছেলেমেয়েদের আচরণের জন্য আরো বেশী দায়িত্ব নিতে উৎসাহিত করা।
- অপরাধ দমনের জন্য কত সম্পদ কোথায় ব্যবহার করা হবে সেই সিদ্ধান্ত গ্রহণে প্রভাব খাটানো

ক্যামডেনে পার্ক ও খোলা জায়গাগুলো যতটা সম্ভব কাজে লাগানো:

- বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ করা, যেমন কিশোর-কিশোরীদের কর্মকান্ডের জায়গা তৈরী করা, কুকুর নিয়ন্ত্রণ করা, সামারের সময়ে বেশীক্ষণ খোলা রাখা এবং উন্নতমানের সংকেত ফলক (সাইন) লাগানো।
- পার্কগুলো যাতে সন্ধ্যার সময় নিরাপদে ব্যবহার করা যায় সেজন্য বাতি, নকশা এবং বিভিন্ন সুযোগ-সুবিধার, যেমন ক্যাফেগুলোর, উন্নয়ন সাধন করা।

আমাদের সাংস্কৃতিক সম্পদগুলো যতটা সম্ভব কাজে লাগানো:

- যত ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান ও কর্মকান্ডের আয়োজন করা হয় তাতে ক্যামডেনের সকল সম্প্রদায়ের লোকজন যাতে অংশ নিতে সক্ষম ও উৎসাহিত হয় তা নিশ্চিত করা।

২০১২ সালের অলিম্পিক থেকে যাতে সর্বাধিক লোকের চাকরির ব্যবস্থা করা এবং নানা ধরনের স্থায়ী সুবিধা লাভ করা যায় তা নিশ্চিত করা:

- বর্তমানে আমাদের যেসব খেলাধুলা ও অবকাশমূলক সুযোগ-সুবিধা আছে সেগুলো ব্যবহার করতে লোকজনকে উৎসাহিত করা, বিশেষ করে, প্রতিবন্ধী লোকজন, বয়স্ক এবং কালো ও জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের লোকজনকে।
- বিভিন্ন খেলাধুলামূলক কর্মকান্ডে সহায়তা করা এবং অলিম্পিক গেমে সাহায্য করার জন্য স্বেচ্ছাসেবামূলক কাজ করতে উৎসাহিত করা।

**নিজেকে প্রশ্ন করুন**

মতামত বিনিময়ের পূর্ণ দলিলটিতে আরো অনেক বিষয়, বিকল্প ও ধ্যান-ধারণার কথা উল্লেখ আছে।

উপরে যেভাবে একটি বিশ্বমানের শহরের কেন্দ্রে অবস্থিত ক্যামডেনকে নিরাপদ ও কর্মচঞ্চল স্থানে পরিণত করার কথা বলা হয়েছে সে ব্যাপারে আপনার মতামত কি?

নিচে আরো কিছু সুনির্দিষ্ট প্রশ্ন তুলে ধরা হলো, আপনি এগুলোর উত্তর দিতে পারেন:

- বিভিন্ন স্কুল, ব্যক্তি, কমিউনিটি গ্রুপ, পাড়া-প্রতিবেশী এবং ব্যবসা-প্রতিষ্ঠান কিভাবে পরস্পরের প্রতি শ্রদ্ধা দেখায় উৎসাহ দিতে এবং এভাবে অপরাধ ও সমাজ-বিরোধী আচরণ করায় অনুৎসাহিত করতে সাহায্য করতে পারে?

- কি করলে আপনার অপরাধের ভয় কমাতে এবং আপনার মানসিক শান্তি বৃদ্ধি করতে সাহায্য হবে?

- আমাদের কি উচিত হবে পার্কগুলোতে ক্যাফে চালু করা এবং বিভিন্ন ধরনের অনুষ্ঠান অনুষ্ঠিত করতে উৎসাহ দেওয়া, এবং পার্কগুলো যারা এভাবে ব্যবহার করবেন তাদের কাছ থেকে পয়সা নেওয়া যাতে আমরা পার্কগুলোর অন্যসব সুযোগ-সুবিধাগুলোর আরো উন্নয়ন সাধন করতে পারি?

- এই বারায় যেসব সাংস্কৃতিক কর্মকান্ড অনুষ্ঠিত হয় সেগুলো যাতে ক্যামডেনের আরো বেশী লোকজন সহজে উপভোগ করতে পারেন তার জন্য আমরা কি করতে পারি?

- অলিম্পিক নিয়ে কোন্ কোন্ কারণে আপনি উত্তেজিত বোধ করেন? কোন্ কোন্ কারণে আপনি উদ্বিগ্ন বোধ করেন?

**অরনের গল্প**

‘‘আমি ক্যামডেনের সানডে লীগে ফুটবল খেতে ভালোবাসি। স্কুলে আমি খেলতাম। আমার স্কুলটি খেলাধুলার জন্য সত্যই খুব ভালো ছিলো। আমাদের হেডটিচার ছিলেন আসলেই একজন সক্রিয় ব্যক্তি - তিনি আমাদের চ্যারিটির জন্য কাজ করতে বাইরে নিয়ে যেতেন এবং সকল ছেলেমেয়েই এটা করতে খুব পছন্দ করতো। আমার মনে হয়, আজকাল কিশোর-কিশোরীদের জন্য খেলাধুলা করার অনেক সুযোগ রয়েছে কারণ বিগত কয়েক বছর ধরে ক্যামডেনে খেলাধুলার সুযোগ-সুবিধার অনেক উন্নতি ঘটেছে। আর অলিম্পিককে সামনে রেখে এখন খেলাধুলার উপর জোর দেওয়ার আরো একটি সুযোগ এসেছে। ক্যামডেনে বসবাস করার সবচেয়ে ভালো দিকটি হলো এখানে আপনি সব ধরনের জিনিস পাবেন। যেমন, উইকএন্ডে রয়েছে মার্কেট। আর এর বিশেষ দিকটি হলো - আপনি যত ধরনের জাতি ও ব্যক্তির কথা ভাবতে পারেন তার সবই এখানে আছে। এবং এখন যত টাকা আসছে তা দিয়েও তারা কিছু একটা করছেন। আমার মনে হয়, অপরাধের মাত্রা ভীষণভাবে বেড়ে গেছে, বিশেষ করে চুরি এবং এই ধরনের অপরাধ। এই কারণেই, লোকজনকে অন্য কিছু একটা করার জন্য যথেষ্ট সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না। ক্যামডেনে যদি আমি কোন পরিবর্তন আনতে পারতাম তাহলে আমি কিশোর-কিশোরীদের জন্য আরো অনেক সুযোগ-সুবিধা গড়ে তুলতাম, যেমন ইয়ুথ ক্লাব (যুব সংঘ) যেখানে ব্যবসা-বাণিজ্যের উপর মৌলিক প্রশিক্ষণ দেওয়া হবে, এবং কিংস্ ক্রসে কাঠের কাজ শেখার একটি কর্মসূচি চালু করতাম।’’